

## শিক্ষকদের দাবীসমূহ শীঘ্রই পূরণ করা হবে

-শিক্ষা প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : দেশে গতকাল (রবিবার) প্রথমবারের মতো 'জাতীয় শিক্ষক দিবস' পালিত হয়েছে। ইতিপূর্বে বাংলাদেশে শিক্ষকদের জন্য নির্দিষ্ট কোন দিবস ছিল না। গত বছর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের জন্মদিনে, ১৯ জানুয়ারী জাতীয় শিক্ষক দিবস ঘোষণা করেন। শিক্ষা ও শিক্ষকদের কল্যাণে শহীদ জিয়ার ব্যাপক অবদানের প্রেক্ষিতে দেশের শিক্ষকদের প্রত্যয়ে এ দিনটিকে সরকার 'জাতীয় শিক্ষক দিবস' ঘোষণা করে। শিক্ষক দিবসের এবারের মূল প্রতিপাদ্য ছিল 'জাতি গঠনে শিক্ষক'। প্রেসিডেন্ট প্রফেসর ডঃ ইয়াজউদ্দিন আহমেদ গতকাল বিয়াম মিলনায়তনে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত এক অনুষ্ঠানে দিবসটির উদ্বোধন করেন। দিবসটি উপলক্ষে শিক্ষক সমিতি রাজধানীতে বর্ণাঢ্য র্যালি বের করে। এছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়সহ শিক্ষা প্রতিষ্ঠানে পৃথক পৃথক কর্মসূচী পালনের মাধ্যমে দিবসটি উদ্‌যাপন করা হয়।

জাতীয় শিক্ষক দিবস উপলক্ষে বাংলাদেশ শিক্ষক সমিতি ও বাংলাদেশ প্রধান শিক্ষক সমিতির যৌথ ৩-এর পূঃ ৩-এর কঃ দেখুন

## শিক্ষকদের দাবীসমূহ শীঘ্রই পূরণ হবে

প্রথম পৃষ্ঠার পর

উদ্যোগে গতকাল বিকেলে শিক্ষাভবন থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়। মুক্তমনে র্যালি-পরবর্তী এক সমাবেশে শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম. এছামুদ হক মিদন বলেন, আমরা চাই শিক্ষাক্ষেত্রকে সম্পূর্ণ নকলমুক্ত রাখতে।

সমাবেশে শিক্ষা উপমন্ত্রী আব্দুস সালাম পিটু বলেন, বর্তমান সরকার শিক্ষকদের দাবী পূরণের জন্য আন্তরিক। শিক্ষক হার্বিবিরোধী ৯ দফা বাতিল করা হবে। বর্ণাঢ্য র্যালিতে শিক্ষাভবন চত্বর থেকে শুরু হয়ে মনসে ভবন, বিজয়নগর সড়ক প্রদক্ষিণ শেষে মুক্তমনে সমাবেশে মিলিত হয়। শিক্ষা প্রতিমন্ত্রী, শিক্ষা উপমন্ত্রী এবং শিক্ষা সমিতির মহাসচিব ও শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সমন্বয়কারী মোঃ সেলিম জুইয়ার নেতৃত্বে অনুষ্ঠিত র্যালিতে বিপুলসংখ্যক শিক্ষক অংশ নেন। প্রধান শিক্ষক সমিতির আহ্বায়ক মোহাম্মদ আলীর সভাপতিত্বে র্যালির পূর্বে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে আরো বক্তব্য রাখেন মিলি প্যাগল সাইমুর রহমান, মোঃ কলিমুল্লাহ, বরকুর রহমান মিয়া, মাহবুবুর রহমান মেদুয়া, আলী আশরাফ চকির প্রমুখ। র্যালি-পরবর্তী সমাবেশে সভাপতির বক্তব্যে সমিতির মহাসচিব মোঃ সেলিম জুইয়া ১১ দফা দাবী তুলে ধরেন। দাবীগুলোর মধ্যে আছে সরকারী শিক্ষকদের অন্তর্গত হেসরকারী শিক্ষক-কর্মচারীদের শতকরা ১০০ ভাগ বেতন-ভাতা প্রদান, শিক্ষক হার্বিবিরোধী নয় দফা বাতিল, বছরের শুরুতে পাঠ্যপুস্তক সরবরাহ নিশ্চিতকরণ, সন্ধান ও নকলমুক্ত শিক্ষাক্ষেত্র, এটি টাইম স্কেল ও ষ্ট্রন উৎসব ভাতা প্রদান। শিক্ষা প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী শিক্ষকদের বিভিন্ন দাবী শীঘ্রই পূরণ করার আহ্বান দেন।

বুয়েটে সরকার ঘোষিত জাতীয় শিক্ষক দিবস

পালিত হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের কার্টডিল ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে শিক্ষকদের মূল দিয়ে তত্ত্বাবধি বিনিময় করেন বুয়েটের ভারপ্রাপ্ত ডিসি প্রফেসর ডঃ এম. আবদুল হাদিম। এর পর শিক্ষকদের উদ্দেশ্যে স্বাগত ভাষণে ভারপ্রাপ্ত ডিসি বলেন, জাতি গঠনে শিক্ষকদের ভূমিকা অপরিহার্য। উচ্চ আলোচনানুষ্ঠানে আরো বক্তব্য করেন বুয়েট শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ডঃ মোঃ ইমতিয়াজ হোসেন ও ডিউঃ ইলেকট্রনিক কৌশল বিভাগের প্রফেসর ডঃ আমিনুল হক।

শে.ক.বি. সংবাদমালাভা জানান, গতকাল প্রথম জাতীয় শিক্ষক দিবস উপলক্ষে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষকবৃন্দ বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে দিনটিকে উদ্‌যাপন করে।